


## ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত লটারীতে বিজয়ীদের তালিকা/ফলাফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশের সকল শ্রেণী পেশার মানুষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্তর্গত ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন জেলায় অবস্থিত হাউজিং এস্টেট সমূহের বিভিন্ন ফ্ল্যাট প্রকল্পে ২য় বার প্রসপেক্টাস ও বিজ্ঞপ্তি প্রকাশ করার পরও বিভিন্ন কারণে অবরাদ্দকৃত বিভিন্ন প্রকল্পে বিভিন্ন আয়তনের সীমিত সংখ্যক ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত গত ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় নির্ধারণ পূর্বক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে নির্ধারিত সময়ে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত অদ্য ১৪/০১/২০২৫ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, ৮২, সেগুনবাগিচা, ঢাকায় উন্মুক্তভাবে লটারী অনুষ্ঠিত হয়। লটারীর ফলাফল ও বিজ্ঞপ্তি সংযুক্ত করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করা হলো। অনুষ্ঠিত লটারীর হাউজিং এস্টেট/এলাকা সমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	হাউজিং এস্টেটের নাম
১।	মিরপুর হাউজিং এস্টেট/এলাকা, মিরপুর, ঢাকা। (৮৭৮, ১৩৩৮, ১৩৩৬, ১৫০০, ১৫৪৫ বর্গফুট)
২।	চট্টগ্রামস্থ ফিরোজশাহ ও হালিশহর হাউজিং এস্টেট/এলাকা, চট্টগ্রাম। (৭৯২ বর্গফুট)
৩।	চট্টগ্রামস্থ হালিশহর হাউজিং এস্টেট/এলাকা, চট্টগ্রাম। (১৩৬৫ বর্গফুট)
৪।	যশোর হাউজিং এস্টেট/এলাকা, যশোর। (১২২৪ বর্গফুট)

  
(মোঃ আহসান হাবিব)

পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)

ও

সদস্য সচিব

ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত গঠিত কমিটি

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ